

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
বুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং: ৩৩.০২.০০০০.৯৪২.০৯.০০১.১৭-৬০৪

তারিখঃ ২১.১০.২০১৭ খ্রিঃ

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: বুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) (প্রকল্প কোড নং- ৫-৪৪৩১-৫০২৩), মৎস্য অধিদপ্তর, এর আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরে প্রশিক্ষণ (৪৮৪০) উপধাতে মাঠ পর্যায়ে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।


সূত্রঃ ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১৩৬.১৪.০৩৭.১৫-২৩৮; তারিখ: ১৮/১০/২০১৭ খ্রিঃ।
৩৩.০০.০০০০.১৩৬.১৪.০৩৭.১৫-১৮৩; তারিখ: ০৭/০৮/২০১৭ খ্রিঃ।
২। অত্র প্রকল্পের বরাদ্দ বিভাজন পত্র নং- ৩৩.০২.০০০০.৯৪২.০৮.০০১.১৭-৫৯১; তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়), (কোড নং- ৫-৪৪৩১-৫০২৩), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এর আওতায় চলতি ২০১৭-২০১৮ অর্থ বৎসরে মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়ন পরিচালনার ব্যয় নির্বাহের জন্য ২য় কিস্তিতে বরাদ্দকৃত প্রশিক্ষণ (৪৮৪০) উপধাতে ১০,৮৬,০০০.০০ (দশ লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত) টাকা হতে নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে ১০,৮৫,৫০০.০০ (দশ লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত) টাকা বরাদ্দ প্রদান করা হল এবং উক্ত টাকা বরাদ্দের পর নিম্নস্বাক্ষরকারীর নিকট এখানে ৫০০/-টাকা অর্থ মজুদ রইল। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে পৃষ্ঠাঙ্কনের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে,

- আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক সংযুক্ত বিভাজন অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ব্যয় করবেন। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ কোন ক্রমেই ব্যয় করা যাবে না।
- “উন্নত বুড মাছ উৎপাদন ও প্রজনন পদ্ধতি” বিষয়ে ০৫ (পাঁচ) দিন ব্যাপী মৎস্যচাষি, মৎস্যজীবী, নার্সারার, হ্যাচারি অপারেটর, মৎস্য চাষে সংশ্লিষ্ট অন্যান্য সুফলভোগী (প্রতি ব্যাচে-২৫ জন) দের প্রশিক্ষণ দিতে হবে। ইতোপূর্বে বুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) থেকে প্রশিক্ষণ প্রাপ্তদের পুনরায় প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা যাবে না। প্রশিক্ষণার্থীদের মোবাইল নং ও জাতীয় পরিচয়পত্র নং অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং তাদের ডাটাবেজ মৎস্য অধিদপ্তরের সংশ্লিষ্ট লিংক এ অবশ্যই ইনপুট দিতে হবে। প্রশিক্ষণ শেষে সচিত্র প্রতিবেদন ও প্রশিক্ষণার্থীদের তালিকা এর সফট কপি bbepdof@gmail.com ঠিকানায় এবং হার্ড কপি প্রকল্প পরিচালকের দপ্তর, বুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন (কক্ষ নং-১২০২), রমনা, ঢাকায় প্রেরণ করতে হবে। প্রশিক্ষণসূচি প্রশিক্ষণ শুরুর অন্তত ১০ (দশ) কর্মদিবস পূর্বে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ২০১৭-২০১৮ অর্থ বছরে প্রশিক্ষণ (৪৮৪০) উপধাত থেকে প্রদেয় এবং সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডসমূহের বিপরীতে সমন্বয়যোগ্য।
- অব্যয়িত অর্থ ৩১ মে, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।
- অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বরাদ্দকৃত অর্থ অব্যয়িত রাখা যাবে না। এর ব্যত্যয় ঘটলে আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়-দায়িত্ব বহন করবেন।

ক্র. নং	আয়ন-ব্যয়ন কর্মকর্তাদের পদবী ও ঠিকানা	প্রশিক্ষণ (৪৮৪০)	মমত্ব্য
১.	অধ্যক্ষ, মৎস্য সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র, গজাবর্দি, সদর, ফরিদপুর।	৮৩,৫০০/-	
২.	উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষ্মীপুর।	৮৩,৫০০/-	
৩.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, ছাগলনাইয়া, ফেনী।	৮৩,৫০০/-	
৪.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, সদর, নরসিংদী।	৮৩,৫০০/-	
৫.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, সদর, টাঙ্গাইল।	৮৩,৫০০/-	
৬.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, পুঠিয়া, রাজশাহী।	৮৩,৫০০/-	
৭.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, সদর, বাগেরহাট।	৮৩,৫০০/-	
৮.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, চৌমুহনী, নোয়াখালী।	৮৩,৫০০/-	
৯.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, সদর, নওগাঁ।	৮৩,৫০০/-	
১০.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, সদর, মেহেরপুর।	৮৩,৫০০/-	
১১.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, পার্বতীপুর, দিনাজপুর।	৮৩,৫০০/-	
১২.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, সদর, কুড়িগ্রাম।	৮৩,৫০০/-	
১৩.	খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, সদর, ঠাকুরগাঁও।	৮৩,৫০০/-	
সর্বমোট =		১০,৮৫,৫০০/-	
কথায়		দশ লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত টাকা	


(মো: সিরাজুল রহমান)
প্রকল্প পরিচালক

বুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
টেলিফোনঃ ০২-৯৫৮৮৫৪৬
ই-মেইল: bbepdof@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
৩. উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, বিভাগ
৪. জেলা মৎস্য কর্মকর্তা,
৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
৬. সহকারী পরিচালক, অর্থ ও পরিকল্পনা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৮. উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা/অধ্যক্ষ/খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার,
৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
১০. দপ্তর কপি।



প্রকল্প পরিচালক

ব্লড ব্যাংক স্থাপন প্রকল্প (তয় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
টেলিফোনঃ ০২-৯৫৮৮৫৪৬
ই-মেইল: bbepdof@gmail.com